

ভারত-পাক পাখার ব্যবসা

এই সময়: বাণিজ্য ক্ষেত্রে প্রথম পছন্দের রাষ্ট্রের মর্যাদা (এমএফএন) তকমা ঝুলে থাকার জেরে পাকিস্তানের সঙ্গে ফ্যান রপ্তানি বৃদ্ধি করা যাচ্ছে না। সোমবার ইন্ডিয়ান ফ্যান ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের বার্ষিক সম্মেলনে এ কথা বললেন সংগঠনের চেয়ারম্যান শেখর বাজাজ। তিনি বলেন, ভারতে সাত হাজার কোটি টাকার ফ্যান ব্যবসা রয়েছে। সেখানে পাকিস্তানে ফ্যান ব্যবসার পরিমাণ ৮০০ কোটি টাকা। ছোট এবং মাঝারি ব্যবসা মিলিয়ে মোট ২০০ জন প্রস্তুতকারক রয়েছে সে দেশে। দু'দেশের মধ্যে এমএফএন চুক্তি চূড়ান্ত না হওয়ায় পাকিস্তানে ফ্যান রপ্তানি করা যাচ্ছে না। এর ফলে মার খাচ্ছে ১.৭ কোটি টাকার রপ্তানি।' বাজাজ জানান, এ বছর মার্চ মাসে পাকিস্তান থেকে ১২ জনের একটি প্রতিনিধি দল

তিনদিনের সফরে এ দেশের ফ্যান উৎপাদনের প্রযুক্তি খতিয়ে দেখেন। দু'দেশের বাণিজ্য কীভাবে বাড়ানো যায় তা নিয়েও কথা হয়। সম্প্রতি চিন থেকে সম্ভার ফ্যান আমদানি কমেছে দেশে। আগে চিনের ফ্যান এবং ভারতীয় ফ্যানে দামের ফারাক থাকত ৩৫ শতাংশ। কিন্তু চিনে ফ্যান উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় এই ফারাক নেমে এসেছে ১৫ শতাংশে। ফলে এখন ১০ শতাংশ আমদানি শুষ্ক এবং অন্যান্য কর দেওয়ার পর চিনের ফ্যানের দাম বেড়ে যাচ্ছে ভারতীয় বাজারে। সেক্ষেত্রে চাহিদা বাড়ছে ভারতীয় ফ্যানের। আগে ৬০ শতাংশ টেবিল ফ্যান চিন থেকে আমদানি করা হত এ দেশে।